



সম্পাদকীয় কলমে

সময় বহিয়া যায় নদীর স্রোতের প্রায়--এই কাল প্রবাহে একটা সম্প্রদায় জোট বদ্ধ হয়ে অন্য সম্প্রদায়ের জাতিসত্তা, অধিকার ছিনিয়ে নেওয়ার জন্য আশ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছে।। অন্যের ভাষা, সংস্কৃতি, পূজা-অর্চনা আদব-কায়দা, পোশাক-পরিচ্ছদ নকল করে ----একসময় যাদেরকে ঘৃণা করেছিল, নিচু নজরে দেখেছিল এখন তাদেরই জাতে উঠতে চাইছে। "সত্য সেলুকাস কি বিচিত্র এই দেশ"।

একটা মিথ্যাকে বারবার বলে, বিভিন্ন আঙ্গিকে উপস্থাপন করে যেনতেন প্রকারে --তাদের ST তালিকায় অন্তর্ভুক্ত হতেই হবে--এই বিষয়ে তারা এককাট্টা, দৃঢ় প্রতিজ্ঞ। ছলচাতুরি অবলম্বন করতেও তারা পিছুপা হচ্ছে না। তাদের কথায়--আমরা ST ছিলাম, আছি, থাকবো। সেই বস্তা পচা ক্যাসেট এখনো তারা বাজিয়ে যাচ্ছে। সে তো ইংরেজ আমলের কথা। তখন পুরো ভারতবর্ষই তো পরাধীন ছিল। স্বাধীন ভারতবর্ষে অনেক কিছুই তো পরিবর্তন ঘটেছে। কেন কুর্মি মাহাতদের ST তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে সেটা তো এক বারও বলছেন না??? ইংরেজ আমলে ক্ষত্রিয়দের চাকরির ক্ষেত্রে সুযোগ-সুবিধা ছিল। তাই কুর্মি মাহাতরা আন্দোলন করে আদিবাসী ST তকমা বর্জন করে ক্ষত্রিয় হয়ে উঁচু জাতিতে উঠতে চাইলেন।

শ্লেগান তুললেন--মদ, মাংস, শূকর ছাড়ো/বামুন দিয়ে বিয়া কর। এখনো অনেক কুর্মি মাহাত পৈতা পরে থাকেন। কাক ময়ূরের পালক

পরে ময়ূরের দলে মিশতে চেয়েছিল, যখন দেখলো ওখানেও জেনারেল কিংবা OBC র তুলনায় ST কোটায় চাকরি সহজে পাওয়া যায় --কারণ ST রা এখনো পড়াশোনা শিক্ষা-দীক্ষায় অনেকটাই পিছিয়ে। তাই ST হওয়া, ST সাজার হিড়িক পড়ে গেছে। সোজা আঙ্গুল ঘি না উঠলে আঙ্গুল বাঁকাতে হয়--আবেদন

নিবেদনের মাধ্যমে কুর্মিরা ST তালিকায় অন্তর্ভুক্ত হতে না পারলে গায়ের জোরে হোক, কিংবা সিঁধ কেটে হোক ST কোটাই ঢুকবেই এমন তাদের মানসিকতা। কুর্মি মাহাতরা কি স্বাধীন ভারতে পরাধীনতার দাসত্ব বরণ করতে চাইছে? নাকি ভূমিজ নেতা রঘুনাথ সিংকে রঘুনাথ মাহাতো এবং কাল্পনিক চরিত্র চানকু মাহাতকে সাঁওতাল বিদ্রোহের নেতা বানিয়ে ST তালিকায় অন্তর্ভুক্ত হতে চাইছে?

আপনারা যদি সত্যি কারের বীরপুরুষের বংশধর হয়ে থাকেন তাহলে আপনাদের --কুর্মি বিদ্রোহ, মাহাত বিদ্রোহের ইতিহাস কোথায়? আপনারা অপর জাতির নেতা, বিদ্রোহী সত্তাকে হাইজ্যাক করছেন কেন? আপনারা বলবেন--এটা আমাদের জাতিসত্তার লড়াই, অস্তিত্বের সংগ্রাম। অর্থাৎ আপনাদের কথায়-- যারা ST তালিকায় অন্তর্ভুক্ত একমাত্র তাদেরই জাতিসত্তা আছে। বাকি ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, OBC, SC এদের জাতিসত্তা নেই? তার মানে দাঁড়ালো-- আদিবাসীরাই প্রকৃত ভারতবাসী, ভারত মায়ের প্রকৃত সন্তান।

কুর্মি মাহাতদের জাতিসত্তার আন্দোলনকে মান্যতা দিয়ে ২০০৪ সালে উড়িষ্যা সরকার, ২০০৫ সালে ঝাড়খন্ড সরকার, ২০১৭ সালে পশ্চিমবঙ্গ সরকার -- কেন্দ্র সরকারের কাছে রিপোর্ট পাঠিয়েছিল। কিন্তু বারবার প্রত্যখ্যান করা সত্ত্বেও নির্লজ্জের মত কাকুতি মিনতি করতে থাকে। অবশেষে তারা ব্ল্যাকমেলিং এর কৌশল অবলম্বন করে। কখনো ভোট ব্যাংকের রাজনীতি করে, কখনো জনসমর্থনের ভয় দেখিয়ে শাসক দলকে ব্যতিব্যস্ত করে তোলে।

অর্থাৎ সেই টিউশন মাস্টারের গল্প----টিউশন মাস্টার যদি মাধ্যমিক কিংবা উচ্চমাধ্যমিকের খাতা দেখেন আর অভিভাবক যদি তা জানতে পারেন তাহলে

মাস্টারমশায়ের ওপরে চাপ আসতে বাধ্য। "৯" নম্বর পেলেই ছাত্র পাস করবে। কিন্তু ছাত্রের খাতাতে কোনোভাবেই "৬" এর বেশি নম্বর দেওয়া যাচ্ছে না। অর্থাৎ ছাত্র ফেল করেছে। এবার অভিভাবক এসে ধরলেন মাস্টারকে--তুই পড়াচ্ছিস, মাসে মাসে এত এত টাকা নিচ্ছিস, তবু পাস হবে নাই কেনে? তুই কেমন মাস্টার হে? হামার বেটা "৬" পেয়েছে "৯" পেলেই যদি পাস হয় তবে "৬" টাকে ঘুরায় দিলেই তো "৯" ইয়ে যায়। তুই ইটা করতে পারছিস নাই? অর্থাৎ comment and justification,-- কুর্মিরা চায় তাদের ইচ্ছা মতো comment and justification লিখে রাজ্য সরকার-- কেন্দ্রের সরকারের কাছে পাঠাক। কেননা তাদের ভোটেই এসব দলের লোকেরা নেতা মন্ত্রী হয়েছে, সরকার গঠন করেছে। দল এবং সরকার তাদের কথা মানতে বাধ্য। ST তালিকায় অন্তর্ভুক্ত হতে গেলে যে একটা নির্দিষ্ট গাইডলাইন আছে, ন্যায়-অন্যায় আছে, নিয়ম-কানুন আছে এরা তার ধার ধারে না। ST তালিকায় অন্তর্ভুক্ত হলেই হল। মনে রাখতে হবে এখানেই রাষ্ট্রেরও গভীর ষড়যন্ত্র রয়েছে। রাষ্ট্রও চাইছে যেনতেন প্রকারে কুর্মি মাহাতদের একবার ST তালিকায় সামিল করতে পারলেই ভারতবর্ষে সংরক্ষণ বলে আর কিছু থাকবে না। আর এখানেই পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতি তথা সমগ্র আদিবাসী সমাজের আপত্তি।

এসব দেখেও অন্ধ, কালা, বোবা আদিবাসী নেতা-নেত্রী, মন্ত্রী MLA, MP রা ঠুটো জগন্নাথ হয়ে চুপ করে বসে আছে-- শুধুমাত্র পদের লোভে, সামান্য কিছু উচ্ছিষ্টের আশায়। শত ধিক্কার জানাই তাদের এই পদ লেহন মনোবৃত্তি কে। নেতা-নেত্রী, মন্ত্রী, বিধায়ক, সাংসদ আওয়ান, আয়ুরিয়াদের বিচ্ছিন্নতা বাবদী মানসিকতা, গোষ্ঠী বাজি করা, ব্যক্তি স্বার্থ, মান-অভিমান, ইগো ইত্যাদি কারণেই রামপুরহাটের কুইডি মিরুর ধর্ষন, খুনের বিচার, বেলপাহাড়ির মায়নো মিরুর ধর্ষনের

বিচার, পৃথক সান্তালি এডুকেশন বোর্ডের দাবি ইত্যাদি ইত্যাদি এখনো অধরা। আদিবাসীদের হক অধিকার, সাধারণ দাবী দাওয়া আজ মরীচিকার মতো ক্রমশ হাতের নাগালের বাইরে দূর থেকে আরো দূরে সরে সরে যাচ্ছে। সাধারণ মানুষের হতাশা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে।

অন্যদিকে সরকার অ-আদিবাসীদের মুড়ি মুড়কির মত ST সার্টিফিকেট বিতরণ করে যাচ্ছে। ফ্যালো কড়ি মাখো তেল। টাকা দিলেই রাতারাতি ST সার্টিফিকেট পাওয়া যায়। পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতি চেপে ধরলে আধিকারিকরা বলেন--wrongly approve বলে দায় এড়িয়ে যাচ্ছেন। শান্তি কিছু হচ্ছে না। সার্টিফিকেট ক্যাপসেল হলেও চাকরিটা তো থাকলো। এই ব্যাপারটা আধিকারিকরা তারিয়ে তারিয়ে উপভোগ করছে। এটা আদিবাসীদের বোঝাতে পারলেই-- ব্যাস খেল খতম। আর কেউ প্রতিবাদ করবে না।

তাই ST তালিকায় অন্তর্ভুক্ত ৪০টি আদিবাসী সম্প্রদায়ের মানুষের কাছে বিনম্র আবেদন--আসুন নিজেদের অধিকার এবং অস্তিত্ব রক্ষার সার্থে ঐক্যবদ্ধ হই। রাজনৈতিক সুযোগ-সুবিধা, পদের লোভ, ব্যক্তিগত চাওয়া পাওয়া, মান, অভিমান, ইগো, আমিই নেতা, আমাকে MLA, MP বানাতে হবে ইত্যাদি সমস্ত রকমের কামনা বাসনা দূরে সরিয়ে দিয়ে নিজেদের বাঁচার তাগিদে একত্রিত হই। এছাড়া আর বাঁচার রাস্তা নেই। কবির ভাষায়---

" মারাং বুরু জয় মেন আবন/ মিৎ হরতে তাড়াম আবন// বাইরী হেলজ কাতে আবন/ দুঃখ দ মাবন এঃঃঃ প্রঃঃঃ দেবন তিস্তুন আদিবাসী বীর "। এই ছোট ছোট পায়ে চলতে চলতে ঠিক পৌঁছে যাব---- চাঁদের পাহাড় দেখতে পাব। আমাদের কাক্ষিত লক্ষ্যবস্তু আমাদের আয়ত্তে আসবেই, আসবে।

খড়গপুর আইআইটিতে কর্মরত FAKE ST শ্রেণ্ডারের দাবিতে আদিবাসী বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা মেদিনীপুর, ঝাড়গ্রাম:--বিশ্বমানের শিক্ষা প্রতিষ্ঠান খড়গপুর আইআইটিতে দেবরাজ বিশ্বাস নামে একজন অ-আদিবাসী সম্প্রদায়ের মানুষ রানাঘাট SDO থেকে ST সার্টিফিকেট জোগাড় করে প্রকৃত ST ক্যাড্ডিডেটকে বঞ্চিত করে খড়গপুরের মত নামি শিক্ষা প্রতিষ্ঠানে junior assistant পদে কর্মরত আছেন বলে অভিযোগ। পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতির রাজ্য সম্পাদক পূর্ণচন্দ্র সরদারের নেতৃত্বে একটি প্রতিনিধি দল ডিন অ্যাডমিনিস্ট্রেটিভ স্যারের সঙ্গে দেখা

করেন। ডিন স্যার বলেন--দেবরাজ বিশ্বাসকে, এপয়েন্টমেন্ট লেটার দেওয়ার আগে তার ST সার্টিফিকেট ভেরিফিকেশন এর জন্য রানাঘাট SDO 'র নিকট প্রেরণ করা হয়। কিন্তু দুর্ভাগ্যজনক রানাঘাট SDO দেবরাজ বিশ্বাসের ST সার্টিফিকেট জেনুইন বলে ফেরত পাঠান। ফলে আইআইটি কর্তৃপক্ষ দেবরাজ বিশ্বাসকে ST কোটায় এপয়েন্টমেন্ট দিতে বাধ্য হন। পূর্ণচন্দ্র সরদার মহাশয় অভিযোগ করেন-- SDO' রা wrongly approve বলে



□ ১ম পাতার পর

খড়গপুর আইআইটিতে কর্মরত FAKE ST শ্রেণীর দাবিতে আদিবাসী বিক্ষোভ

FAKE ST সার্টিফিকেট ধারীদের সেফগার্ড করছেন এবং ইস্যুয়িং অথরিটি হিসাবে নিজেদের দায় বেড়ে ফেলতে চাইছেন। আধিকারিকদের ভাবখানা যেন - ST সার্টিফিকেট ক্যানসেল হয়েছে তো কি হইছে, চাকরিটা তো থাকলো। এটা আদিবাসীদের বোঝাতে পারলে আর কেউ আন্দোলন করতে আসবে না। আদিবাসীদের সঙ্গে আধিকারিক, আমলা এবং প্রশাসন এটা কি ধরনের আচরণ করছে?? এটা কি ছ্যাবলামো হচ্ছে?? এটা আদিবাসীরা কখনোই মেনে নেবে না। তিনি আরো বলেন -দেবরাজ বিশ্বাসের নামে আইআইটি কর্তৃপক্ষকে FIR করতে বাধ্য করবো এবং FAKE ST সার্টিফিকেট দেখিয়ে চাকরি করে বেতন হিসেবে সরকারি কোষাগার থেকে যে টাকা তুলেছেন তার সুদসমেত ফেরত করাতে বাধ্য করবো।

পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতির রাজ্য যুব সম্পাদক হিরণ্য হাঁসদা বলেন--দেবরাজ বিশ্বাস যে ST সার্টিফিকেট দেখিয়ে চাকরি পেয়েছেন সেই সার্টিফিকেট রানাঘাট SDO'র নিকট বিশাল বিক্ষোভ সমাবেশ সংঘটিত করে দেবরাজ বিশ্বাসের FAKE ST সার্টিফিকেট ক্যানসেল করাতে বাধ্য করানো হয়েছে। কিন্তু দুঃখের বিষয় -যে ST সার্টিফিকেট দেখিয়ে দেবরাজ বিশ্বাস চাকরি

পেয়েছে সেই ST সার্টিফিকেট ক্যানসেল হওয়ার পরেও কি করে সে বহাল তবিয়ে চাকরি করতে পারে?? আই আই টি কর্তৃপক্ষ এখনো তাকে এরেস্ট করায়নি কেন?? এতে বোঝা যাচ্ছে আধিকারিক, আমলা, প্রশাসন এবং সরকার কোন দৃষ্টিতে আদিবাসীদের দেখে!!! একটা বিশ্বমানের শিক্ষা প্রতিষ্ঠানে সহজ, সরল, শান্তিপ্রিয় আদিবাসীদের সাংবিধানিক অধিকার প্রকাশ্য দিবালোকে চুরি হয়ে যাচ্ছে--দেখেও আইআইটি কর্তৃপক্ষ এবং প্রশাসন নিরব--এটা দুর্ভাগ্যজনক। এটা যেন আদিবাসীদের সঙ্গে লুকোচুরি খেলা হচ্ছে। হিরণ্য হাঁসদা বাবু হংকার ছেড়ে বলেন--এর শেষ দেখে ছাড়বো।

ভারত জাকাত মাঝি পারগানা মহলের জেলা নেতৃত্ব শিবু লাল মুর্মু মহাশয় বলেন--আইআইটি কর্তৃপক্ষ অবিলম্বে দেবরাজ বিশ্বাসকে চাকরি থেকে বরখাস্ত করে অ্যারেস্টের বিষয়ে পদক্ষেপ না করলে ৪০ থেকে ৫০ হাজার মানুষকে নিয়ে বিক্ষোভ সমাবেশ সংগঠিত করে খড়গপুর আইআইটিকে স্তব্ধ করতে বাধ্য হবে। এরফলে কোন অপ্রীতিকর ঘটনা ঘটলে তার দায় আইআইটি কর্তৃপক্ষকে নিতে হবে।

উত্তর ২৪ পরগনা জেলা শাখার সাধারণ সভা



নিজস্ব সংবাদদাতা:-উত্তর ২৪ পরগনা জেলা শাখার উদ্যোগে সাড়ম্বরে অনুষ্ঠিত হলো জেলার সাধারণ সভা। উপস্থিত ছিলেন-পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতির রাজ্য সম্পাদক পূর্ণচন্দ্র সরদার মহাশয়, রাজ্য কমিটির কোষাধ্যক্ষ নারায়ণ সরেন মহাশয়, কেন্দ্রীয় শৃঙ্খলা রক্ষা কমিটির চেয়ারপারসন -মহেন্দ্রনাথ সরেন মহাশয়, উপস্থিত ছিলেন কলকাতা জেলা কমিটির সভাপতি সুমিত হেমব্রম মহাশয়। এছাড়া উপস্থিত ছিলেন উত্তর ২৪ পরগনা জেলা শাখার সভাপতি, সম্পাদক এবং ব্লক স্তরের নেতৃত্ববৃন্দ।

সভায় সাংগঠনিক কার্যক্রমকে আরো সুসংগঠিত এবং শক্তিশালী করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সংগঠনের বর্তমান কার্যক্রম, সাংগঠনিক শৃঙ্খলা, ভবিষ্যৎ কর্মসূচি এবং জেলার বিভিন্ন ব্লকে ব্লক কমিটি গঠন ও সংগঠনকে তৃণমূল স্তরে আরো কিভাবে শক্তিশালী করা যায় সেই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় সকল সদস্যকে ঐক্যবদ্ধভাবে সংগঠনের উদ্দেশ্য ও আদিবাসী সমাজের কল্যাণে কাজ করার আহ্বান জানানো হয়। সভায় দুই শতাধিক সদস্য, সহযোগী অংশগ্রহণ করেন।

পশ্চিমবঙ্গ পুলিশ ২০২৪ এর মেরিট লিস্টে FAKE ST দের ছড়াছড়ি



নিজস্ব সংবাদদাতা:-পশ্চিমবঙ্গ পুলিশের নিয়োগ তালিকার ST লিস্টে প্রকৃত ST দের বঞ্চিত করে FAKE ST দের ব্যাপক উপস্থিতি দেখে আপনার--চক্ষু চড়ক গাছ হতে বাধ্য। WBP -2024 MERIT LIST দেখে আপনার মনে হতেই পারে পশ্চিমবঙ্গ কি ST রাজ্যে পরিণত হলো নাকি??? না, পশ্চিমবঙ্গ ST রাজ্যে পরিণত হয়নি। কিন্তু পশ্চিমবঙ্গে যে নীতি সবচেয়ে বেশি প্রচলিত সেটি হল--ফ্যালো কড়ি মাথো তেল। জগৎ টাকার বস। কথায় বলে--টাকা দিলে বাঘের দুধও পাওয়া যায়। আর পশ্চিমবঙ্গে টাকা দিলে রাতারাতি ST সার্টিফিকেট পাওয়া যায়। সে ক্ষেত্রে প্রকৃত ST এবং FAKE ST এসবের বাছ বিচার করা হয় না। তাই WBP- 2024 প্রথম তালিকায় ৩৭০ জন সন্দেহজনক ST ছিল।

কিন্তু পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতিতো ছাড়বার পাত্র নয়। তারা আন্দোলন শুরু করলো। FAKE ST সার্টিফিকেট ইস্যুকারি ৪০ টি SDO অফিসে আলাদা আলাদাভাবে ডেপুটেশন দিল এবং রিভিজিট করতে লাগলো। পুলিশ

রিভ্রুটমেন্ট বোর্ডে ডেপুটেশন দিল। BCW মন্ত্রী এবং প্রশাসনিক দপ্তরে ডেপুটেশন দিল। আদিবাসী দপ্তরের মন্ত্রী এবং প্রশাসনকে ডেপুটেশন দিল। এর প্রভাব পড়ল প্রশাসনিক দপ্তরে। প্রশাসন ১১৯ জনের ST সার্টিফিকেট ভেরিফাই করলো। পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতির আন্দোলনের চাপে প্রথম ধাক্কাতেই ৩৭০ জন সন্দেহজনক ST থেকে কমে দাঁড়ালো মাত্র ৩৭ জনে। WBP--2024 final merit list এ এখনো ৩৭ জনের নাম জ্বল জ্বল করছে।

এখানে বলে রাখা ভালো কোন কোন SDO ঐ ৩৭ জনকে জেনুইন বলে ডিক্লেয়ার করে দিয়েছে অথবা তাদের ভেরিফিকেশন এখনো কম্প্লিট হয়নি। পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতির অতন্দ্র প্রহরী যোদ্ধারা প্রতিনিয়ত নজর রাখছে বাকি ওই ৩৭ জন FAKE ST দের উপর। WBP--2024 ST মেরিট লিস্ট থেকে বাকি ৩৭ জনকে উপড়ে ফেলতে না পারলে তাদের চোখে ঘুম আসবে না।

সংগঠনের প্রতি ভালোবাসা এবং দীর্ঘদিনের অবদানের স্বীকৃতি স্বরূপ দুজন লাইফটাইম মেম্বার--অধ্যাপক স্বপন কুমার সর্দার এবং অধ্যাপক স্বপন সরদার মহাশয়কে সম্বর্ধনা দেওয়া হয়।

উল্লেখ্য থাকে যে ওই সভায় ১২

জন নতুন সদস্য পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতির সদস্যপদ গ্রহণ করেন। পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতির রাজ্য সম্পাদক পূর্ণচন্দ্র সরদার মহাশয় নবাগত সদস্য সহযোগীদের হাতে সমিতির পতাকা তুলে দিয়ে সংগঠনে স্বাগত জানান।

**এখানে যন্ত্র সহকারে
গম, আতপ চাল
পেশাই করা হয়**

**তিলাবাইদ, মনিহারা রোড,
বিনয় ময়দান মোড়,
সাঁতুড়ি, পুরুলিয়া।**

মো : 9547438195

SARJAM HOME STAY

Feel Like Your Home in Nature

**পুরুলিয়া সুন্দরী অযোধ্যা পাহাড়ের
উপর নির্মল মনোরম পরিবেশে
থাকা খাওয়ার উপযুক্ত ব্যবস্থা
আছে।**

আরামদায়ক
কম
স্বাদিস্ত
খাবার
মনোরম
দৃশ্য
পাহাড়ের
দর্শন
ফটোগ্রাফি
স্পট
ট্রেকিং
সুবিধা
প্রকৃতির
সান্নিধ্য

পো - চিত্তরঞ্জন কিসকু মো- 8637576712/9475505322

বাঘমুন্ডি (অযোধ্যা পাহাড়), পুরুলিয়া, প. ব - 723152।

□ ৩য় পাতার পর

বর্তমান পরিস্থিতিতে আদিবাসীরা

হাঁসদার তথ্যসমৃদ্ধ চিঠি এবং দুর্গাদাস কিস্কু নেতৃত্বে মালদার হাবিবপুরে তপশাহার গ্রামে প্রচার সভা।

২৫ মে ২০২৬ তেহট্ট এসডিও ডেপুটেশন।

২৬ মে ২০২৬ খাতড়া এসডিও এবং করণদিঘী বিডিও ডিপুটেশন।

২৯ মে ২০২৬ বিধায়ক অমিয় কিস্কুকে শুভেচ্ছা বার্তা ও সম্বর্ধনা প্রদান এবং রানাঘাট, সদর জলপাইগুড়ি, তেহট্ট, শিলিগুড়ি, কালনা, ব্যারাকপুর, বসিরহাট ও আরামবাগ এসডিও ডেপুটেশন।

৩০ মে ২০২৬ মেদিনীপুর জেলা জাহেরে মাঃ মড়েতে প্রচার স্টল।

৩১ মে ২০২৬ দুর্গাপুরের চিত্রালয় মাঃ মড়েতে প্রচার স্টল এবং জামতোরিয়া বড়ো এলাকায় কবি সারদা প্রসাদকে স্মরণ তথা সংগঠনের প্রচার।

১ জুন ২০২৬ মালদা এসডিও ডেপুটেশন।

২ জুন ২০২৬ পুরুলিয়া জেলা বি সি ডব্লু, পুরুলিয়া জেলা সদর এর নিকট পুনস্যা একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলের অগ্রগতির ইস্যুতে সাক্ষাৎ।

৩ জুন ২০২৬ বনগাঁ, রায়গঞ্জ এসডিও এবং বান্দোয়ান বিডিওর নিকট ডেপুটেশন।

৪ জুন ২০২৬ আসানসোল এসডিও ডেপুটেশন।

৫ জুন ২০২৬ জুনিয়র অ্যাসিস্ট্যান্ট এর পোস্টে চাকরি রত ফেক এসটি দেবরাজ বিশ্বাসের চাকরির বাতিল অর্ডার জারি।

১০ জুন ২০২৬ বসিরহাট এসডিও ডেপুটেশন এবং বাসন্তী বিডিওর নিকট হেয়ারিং।

১১ জুন ২০২৬ বাঁকুড়ার বাঁটিপাহাড়ি মেলাতে প্রচার স্টল।

১২ জুন ২০২৬ বিধায়িকা ময়না মূর্মুর নিকট একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলের ইস্যুতে ডেপুটেশন।

১৪ জুন ২০২৬ উত্তর ২৪ পরগনা জেলার হাবড়ায় শ্রীচৈতন্য কলেজে, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ আদিবাসী ছাত্র-ছাত্রীদের সম্বর্ধনা ও কেরিয়ার গাইড প্রোগ্রাম।

২১ জুন ২০২৬ বান্দোয়ানের পুনস্যা একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলের উন্নতিকল্পে মন্ত্রী ক্ষুদিরাম টুডুর আশ্বাস এবং আসানসোলের পাঁচগাছিয়াতে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ আদিবাসী ছাত্র-ছাত্রীদের সমবর্ধনা ও কেরিয়ার গাইড প্রোগ্রাম।

২২ জুন ২০২৬ পুরুলিয়া সদর এসডিও ডেপুটেশন।

২৩ জুন ২০২৬ চন্দননগর সদর এসডিও ডেপুটেশন।

২৪ জুন ২০২৬ রঘুনাথপুর, মালবাজার, পুরুলিয়া সদর, তেহট্ট এসডিও ডেপুটেশন।

২৫ জুন ২০২৬ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ব্যাচেলার কোর্সে লাইব্রেরী এন্ড ইনফরমেশন সাইন্সে ভর্তির তালিকায় সন্দেহজনক এসটিদের বিরুদ্ধে যাবতীয় প্রতিটি দপ্তরে অভিযোগ দায়ের।

২৬ জুন ২০২৬ আদিবাসীদের ইস্যুতে লবসেন বাস্কের সঙ্গে সাক্ষাৎ এবং সতন বাবুর নেতৃত্বে বরাবাজার হোস্টেল (সমস্যা

সমাধানের জন্য) ভিজিট সহ ছাত্রদের দুপুরের খাওয়া-দাওয়ার বন্দোবস্ত। এছাড়াও এই একই দিনে দার্জিলিং শহরে এবং শিলিগুড়ি শহরে সদ্য মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ আদিবাসী ছাত্র-ছাত্রীদের সম্বর্ধনা জ্ঞাপন অনুষ্ঠান।

২৭ জুন ২০২৬ আদিবাসীদের বিভিন্ন ইস্যুতে বরা বাজারের বিধায়কের সঙ্গে সাক্ষাৎ।

২৮ জুন ২০২৬ দুর্গাপুরের টেটিখোলা কমিউনিটি হলে পশ্চিম বর্ধমানের মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক উত্তীর্ণ আদিবাসী ছাত্র-ছাত্রীদের সম্বর্ধনা এবং ক্যারিয়ার গাইড প্রোগ্রাম।

৩০ জুন ২০২৬ দার্জিলিং এবং উঃ চব্বিশ পরগনা জেলা শাখার হল মহা পালন এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ে হল মহাতে রাজ্য সম্পাদক পূর্ণচন্দ্র সর্দার এবং রাজ্য যুব সভাপতি দিব্যেন্দু সরেনের গৌরবোজ্জ্বল উপস্থিতি। অন্যদিকে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে রাজ্য পর্যবেক্ষক পার্শাল কিস্কু এবং এডভাইজারি কমিটির চেয়ারপারসন ডঃ চৈতালি হাঁসদার গৌরবোজ্জ্বল উপস্থিতি। সিউড়ি বিদ্যাসাগর কলেজের ছাত্র ছাত্রীদের বীরভূম জেলা নেতৃত্বদের সঙ্গে নিয়ে হল মহা পালন। শালতোড়াতে সংগঠনের জোরদার প্রচার। কল্যাণী এসডিও থেকে তিনটি ফেক এসটি সার্টিফিকেট বাতিলের অর্ডার কপি প্রকাশ (পশ্চিমবঙ্গ পুলিশ ২০২৪ নোটিফিকেশনে চাকরিপ্রাপ্ত ৩৭০ জন ফেক এসটি সার্টিফিকেটধারীদের মধ্যে থাকা দুজন)।

১ জুলাই ২০২৬ নেপাল বর্ডারের নিকট ডাঃ বি আর আশ্বেদকর সাঁওতালি মিডিয়াম স্কুলে পড়ানোর উপকরণ এবং পাঁচটি আধুনিক বোর্ড প্রদান।

৩ জুলাই ২০২৬ আসানসোল এসডি -এর নিকট হেয়ারিং। ঝাড়গ্রাম বিসিডব্লিউ এর নিকট ডেপুটেশন।

৫ জুলাই ২০২৬ তেহট্ট ১ এবং করিমপুর ১ ও ২ ব্লক কমিটি গঠন।

৭ জুলাই ২০২৬ ট্রাইবাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের কেবিনেট মন্ত্রী ক্ষুদিরাম টুডুকে মেমোরান্ডাম প্রদান।

৮ জুলাই ২০২৬ ঝালদা এসডিও ডেপুটেশন।

১৩ জুলাই ২০২৬ কলকাতা পুলিশ ২০২৪ এর নোটিফিকেশনের ৩৭০ জন সন্দেহজনক এসটিদের বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে হিয়ারিং এবং বিডিও এর তত্ত্বাবধানে বান্দোয়ান কলেজের ১০০ আসন বিশিষ্ট হোস্টেল নির্মাণের বিষয়কে ত্বরান্বিত ও তদারকি।

১৫ জুলাই ২০২৬ জামবুনি এবং ঝালদা ২ বিডিও ডেপুটেশন।

১৭ জুলাই ২০২৬ ঝাড়গ্রাম এবং বর্ধমান উঃ ও দঃ সদর মহকুমা শাসকের নিকট ডেপুটেশন।

২১ জুলাই ২০২৬ আইআইটি খড়গপুরে ফেক এসটি সার্টিফিকেটধারী জুনিয়র অ্যাসিস্ট্যান্ট দেবরাজ বিশ্বাসকে চাকরিচ্যুত করা এবং ওয়েট লিস্টে থাকা প্রকৃত এসটির চাকরির জন্য ডেপুটেশন।

২২ জুলাই ২০২৬ ব্যারাকপুর, বারাসাত এসডিও এবং উত্তর ২৪ পরগনা ডিএম

ডেপুটেশন। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের মাস্টার্সে এডমিশনে ফেক এসটি সার্টিফিকেটের বিরুদ্ধে অভিযোগ।

২৪ জুলাই ২০২৬ পশ্চিমবঙ্গ পুলিশ ২০২৪ এর হাইকোর্ট হিয়ারিং।

২৫ জুলাই ২০২৬ পূর্ব বর্ধমান কালনা এসডিও থেকে ১০৯ টি ফেক এসটি সার্টিফিকেট বাতিল।

২৭ জুলাই ২০২৬ পুরুলিয়ার চিড়কামু প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ এবং একযোগে ১৫ টি বিডিওর নিকট স্কুল সংস্কার এবং হোস্টেলের ইস্যুতে ডেপুটেশন।

২৯ জুলাই ২০২৬ বাঁকুড়া সদর এসডিও এবং কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তরে সাঁওতালি বিভাগ খোলার জন্য ডেপুটেশন।

৩১ জুলাই ২০২৬ তেহট্ট মহকুমা শাসক থেকে ১টি ফেক এসটি সার্টিফিকেট বাতিলের অর্ডার কপি প্রকাশ।

৩ অগাস্ট ২০২৬ জঙ্গিপুর, বসিরহাট ও কল্যাণী মহকুমা শাসক থেকে ১১ টি ও বরুণ মাহাতোর ফেক এস টি সার্টিফিকেট বাতিলের অর্ডার কপি প্রকাশ।

৪ অগাস্ট ২০২৬ ইউফাও-র পক্ষ থেকে রাজ্যজুড়ে একযোগে ১৮ টি জেলার জেলাশাসকের নিকট মুখ্যমন্ত্রীকে উদ্দেশ্য করে ডেপুটেশন প্রদান।

৫ অগাস্ট ২০২৬ অনগ্রসর শ্রেণি কল্যাণ দপ্তর -এর মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ ও ডেপুটেশন প্রদান।

৬ অগাস্ট ২০২৬ রানাঘাট এসডিও ডেপুটেশন।

৮ অগাস্ট ২০২৬ পূর্ব বর্ধমান কালনা এসডিও থেকে ৪২২টি ফেক এসটি সার্টিফিকেট বাতিলের অর্ডার কপি প্রকাশ।

৯ অগাস্ট ২০২৬ হুগলির মেমারি, দার্জিলিং এর বাগডাবয় এবং বাঁকুড়ায় বিশ্ব আদিবাসী দিবস পালন। সিউড়ি বিদ্যাসাগর কলেজের ছাত্র ছাত্রীদের বীরভূম জেলা নেতৃত্বদের

সঙ্গে নিয়ে বিশ্ব আদিবাসী দিবস অনুষ্ঠান উদযাপন।

১১ অগাস্ট ২০২৬ তেহট্টো, লালবাগ, আসানসোল এবং চন্দননগর এসডিও থেকে মোট ১১ টি ফেক এসটি সার্টিফিকেট বাতিলের অর্ডার কপি প্রকাশ।

১২ অগাস্ট ২০২৬ বর্ধমান দক্ষিণ সদর এসডিও ডেপুটেশন।

১৩ অগাস্ট ২০২৬ হলদিয়া ও বারাসাত এসডিও থেকে ২৫ টি ফেক এসটি সার্টিফিকেট বাতিলের অর্ডার কপি প্রকাশ।

১৪ অগাস্ট ২০২৬ আসানসোল এসডিও থেকে একটি ফেক এসটি সার্টিফিকেট বাতিলের অর্ডার কপি প্রকাশ।

১৯ অগাস্ট ২০২৬ খাতড়া ও বনগাঁ এসডিও ডেপুটেশন এবং আসানসোল এসডিও-র নিকট হিয়ারিং।

২০ অগাস্ট ২০২৬ আসানসোল এসডিও থেকে ১টি ফেক এসটি সার্টিফিকেট বাতিল (পশ্চিমবঙ্গ পুলিশ ২০২৪ নটিফিকেশনে ৩৭০ জন সন্দেহজনক এসটিদের একটি)

৩০ অগাস্ট ২০২৬ রাজ্য নেতৃত্বদের বর্ধমান শহরে বর্তমান পরিস্থিতি ও আগামী কর্মসূচি সম্পর্কে আলোচনা।

১ সেপ্টেম্বর ২০২৬ দিসম আদিবাসী গাঁওতার আহ্বানে ৩০ কিলোমিটার পদযাত্রা সহ পশ্চিম বর্ধমানের ডিএম এর নিকট গণডেপুটেশনে রাজ্য নেতৃত্ব সহ সদস্যদের ব্যাপক যোগদান।

৩ সেপ্টেম্বর ২০২৬ স্বাস্থ্য মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ ও নিট ২০২৬ এর ৩৮ জন সন্দেহজনক প্রার্থীদের বিরুদ্ধে যথাযথ পদক্ষেপের জন্য ডেপুটেশন প্রদান।

৪ সেপ্টেম্বর ২০২৬ দার্জিলিং জেলা শাখার পক্ষ থেকে নকশালবাড়ি ব্লকের অন্তর্গত গেনি জোত, মেঘা ভিটা, বড় ঝরু জোত, বিঙ্গা জোত প্রভৃতি এলাকায় সানিকা মুন্ডা, সুনীল বরন কিস্কু এবং আম্পা মার্ডির নেতৃত্বে

□ এরপর ৭ম পাতায়



আরোগ্য নিকেতন
ডায়াগনস্টিক সেন্টার
ক্লিনিক

সু-চিকিৎসা • নির্ভরযোগ্য • সাশ্রয়ী



এসিস্ট্যান্ট প্রফেসর ডক্টর
পরান চন্দ্র টুডু

জনসেবায় নিয়োজিত •
বিনা ভিজিটে চেম্বার

প্রতি সোমবার সকাল ৭:৩০
ইইতে ৯:০০ টা পর্যন্ত
বিনা ভিজিটে চেম্বার করবেন

এবং রুবি নার্সিংহোমে অল্প খরচে
চিকিৎসার ব্যবস্থা আছে

সমস্ত ব্লাড টেস্টের উপর
ডিসকাউন্ট চলছে **ডিসকাউন্ট!**

যোগাযোগ করুন
Ruby - 9635781120
Avishek - 6295421923

ঠিকানা: আরামবাগ নিকেতন, আরামবাগ • ডায়াগনস্টিক ও প্যাথলজি সেবা উপলব্ধ

কল্যাণ সমিতি ভূমিকম্প

বিদু চাঁদান মুর্মু

আদিবাসী ধ্বংসযজ্ঞের নাম FAKE ST
এই গভীর ষড়যন্ত্র সরকারেরই সৃষ্টি
অতন্ত্র গ্রহরী কল্যাণ সমিতির দৃষ্টি
টিপে ধরেছে FAKE ST আমদানির গলা, টুটি।

দিকু সরকারের হরেক রকম চাল
আদিবাসীদের অবস্থা করুন,বেহাল
প্রতিশ্রুতি-দিচ্ছে শুধু ভাতা,রেশন, চাল
জমি,চাকরি চুরি করছে ফেকু দালাল।

মাঝে মাঝে হিন্দু বুলি-করে হরি হরি
তবুও লজ্জা নেই অপরের জাত করতে চুরি
তোষামুদে জাতিসত্তার লড়াইকে বলিহারি
তোমাদের নিয়ে বলা -রুচিতে বাধে
-সরি,সরি!!!

শুরু হয়ে গেছে নকল আদিবাসী সাজা
বাজা ! আরো জোরে -রন ডংকা বাজা
নব আন্দোলনে এখন তারা তরতাজা
একি ! রাজাও খেতে চায় ব্যাঙ ভাজা?

পূজা,কৃষ্টি, কালচার করে নকল
লোক দেখানো-কাঁপিয়ে , পাহাড়, জঙ্গল
হলুদ পাগড়ী,শাড়ি যাদের সম্বল
নিতে চায় সাংবিধানিক অধিকারে দখল।

সেই শুরু--শুরু, শিষ্য থেকে চেলা
আদিবাসীদের আন্দোলন আন্দোলন খেলা
দাঁতে দাঁত চেপে লড়াই করা ভীষণ ঝামেলা
ওইখানেই কল্যাণ সমিতি বড্ড একেলা।

সরকারি দপ্তর থেকে দপ্তর থরহরি কম্প
এই বুঝি এলো কল্যাণ সমিতি ভূমিকম্প
বুঝে নিতে সকল হিসেব অহংকার , দম্ভ
ক্ষতম করতে ফেকুদের গোষ্ঠী,লফ--ঝাম্প।

ইগো ভুলে আন্দোলনে নামো আদিবাসী সকল
পাহাড় থেকে বন ,জঙ্গল, সমতল
তোল স্লেগান -একতাই শক্তি, একতাই বল
আসুন লড়াই করেই বাঁচবো সকল।

আকিল দ তিসবন পাঞ্জায়

মনিকা সরেন

পংবঃআঃকঃসমিতির মহিলা সম্পাদক।

হুডু রহয় চাষ কামি দ হুয়ুঃ আর বাং হুয়ুঃ,
বছর দিন হাটপাতাদ দেদার হুয়ুঃ।
অড়াঃ রে জমাঃ তাহেন আর বাং তাহেন,
পাতা ছাতা দাঁড়ান মনেদয় রেবেন।

পাতা টানডিরে তুমদাঃ টামাক পানচি
বন এগম ,

নানা হনার জম এঃ হরঃবানদে সানাম।
দমেল এগপামরেহঁ হাটিএঃ হাপাটিএঃ
অকয় হঁ বাবন এঃল এগম।

হাট টানডি, পাতা টানডি,লুগু বুরু বারুনি,
গটা টানডি গেবন লেবেল লসদ।
মেনখান বাবন বুঝ আকিল গেয়ানদ
তিসরেচ আবোওয়াঃ হাতাং খনদ হসদঃ।

নতেদ বাইরি কদ লটা দাঃআতে
অড়াঃতেবনসোতঃ ক

লু দাকা,লুগড়িচ,বাবের পারকম
উনকু ঠেনবন রেচ হচঃ।

উনকুআঃ সিবিল রড় রেবন ছানদাঃ,
কিলোও রেহবন লানদায়,
মেনখানএড়ে হচ্ আকান
আকিল দ বাবন পাঞ্জায়।

আবোরেন হাড়ামকো ক লাই
সাওহেৎ আমাঃ মুঠানদ
সাওতা আমাঃ দাড়েদ
পারশি আমাঃ আরশি দ।

সাওতা ,সাওহেৎ, লাকচার,আরিচালি
গোটা টানডি বন পাঞ্জায়
মেনখান রেবেদ দহয় লাগিত আকিল দ
অকয় হঁ বাবন পাঞ্জায়।।

আদ বুনিয়াদি

অনল হেমব্রম

বির-বুরু-বাদড়া-বেড়া
গাড়া-মুডু-সকড়া-সডঃ কোরে
নিতহঁম আঁজমা ইএঃঃ আড়াং।
কুইলি-পিয়ো-লিপি-সুগিয়াঃ রৌড়রে
জিরিহিরি ঝারনা লেকা রিড়িম রিড়িম
তেতাং জিউয়িয় তিরপিত।
হিপিড় হিপিড় হাড়য়ীর সাকাম
হেমাল উমুলরেয় হাওয়েদ, উদগীর।
জিউয়ি জুডাসি ইএঃঃ পীরসি উমুল।

সারজম মাতকম বেড়হায়তে এঃলমে
ইএঃঃ সেরওয়া, লাগচার, আরিচালি,
চাটানি থিরি লেকা আটেং ইএঃঃ ধরম।
সিরজন রেয়াঃ তাড়তে তড়াও
ধরম রেয়াঃ আতরে ডাহার,
ফৌগুন রেয়াঃ সাজতে সাজাও
রিলিফিলি অড়াঃ দুওয়ার।
গাড়া থিরি লেকা ঘাসাও চিকাঁড়
সুলুক নিরায় রেয়াঃ কুকমু কুঁবৌ।

বাইহীড় আড়ে খনেম কয়ঃ লেখান
এঃল এগমাম ইএঃঃ জিয়ন
হেঁসেল পাঁয়ড়া কচে কাঁড়বারে
টেহাড় ইএঃঃ জিয়ন।
সিয়োঃ কড়াওয়াঃ গলতে রপাম
কিত্তা কৌচুম রেয়াড় কাঁড়া রেয়াঃ আড়াং
ইএঃঃ সুক দুক রেয়াঃ কৌহনি
হোড়ো গীছি লেকা সাজাও।

কিয়ী কাদাম ঝারনারেম এঃলা
বুসীড় বাহারে, ইএঃঃ মনে।
মহক্ সতেয় মহকাও মানমি মনে।
জড় পতাম লেকা কুকু ডুরুর
টাঁগিন পাওরা লেকা ভাঃ ভাকুর।
রীসকী হেঁসেচ্ সেকেচ্ রড় দ চেহর বেহর
পেড়া দারাম রে দ রেঁগেচ্ বৌনুঃ।
জম খন দ থুতি সরেস গেয়া
দুলীড় বেগর জিয়ন মিছীগেয়া।

বরু-ঝারনা-দারে-নৌড়ি বেড়হায়
অত হাসারে ইএঃঃ এনেচ্-সেরেএঃ,
ভাদর-দাঁসায় রেয়াঃ হাঁসিং হয়তে
কাসি গেলেরেম এঃলা ইএঃঃ লহক্।
সিরজন রেনগে ইএঃ দ বঁগা হপন
সিরজন বেড়হায়তে ইএঃঃ বঁগা থান।
ইএঃগে আদ বুনিয়াদি,
খেরওয়াড় বংশরে ছীটয়ীর।
ইএঃ দএঃ হড় কানা
হড় খানগে ইএঃরেন পেড়া।

জানাম তুকা

জীতেন সরেন

(আরামবাগ, হুগলী)

ধারতি তাবন জানাম আয়ো
সেরমা আপাং তাবন।
নুকিন জিয়ার দহ লাগিং
জিউয়ি আলায়া বন।
যাঁহাই হবর বনাই জানাম খনাঃ
এঃ আবনাই তওয়া।
আম যদি খান মানমি কানাম
আলম হিড়িএঃ নয়।
আয়ো তুকৌয় বেনাও কেদা
আমাঃ হড়ম রেনাঃমায়াম,
নিতে হ মেনায় চিদাঃতবে
আম দ গুয়ুং গায়াম।
তি রেদ হেডেজ জঃআ
মায়াম হড়ম সানাম,
ইনা খাতির ধারতি আয়োয়
এমাং মেয়ায় জানাম।
মেৎ সামাং বাইরি ক ক
সিবড় চাবা কেদা,
বির বুরু বাদ্ বাইহৌড়
যাঁহাম বেনাও লেদা।
নাই দাঃ জাহের থান
সানাম আমাঃযাঁহা,
আলম জাপিত লৌড়হাই মে
যত রুয়াড় রাহা।
দিশাই মে উল্গলান লেদাই
বীরসা মুন্ডা বীর,
লাসের মে সার টাঙ্গি কাপি
আলম তাহেন থির।
সিধু কানু আর চাঁদ ভৈরব
হুল মাহা ক নেডায়,
দিশম খাতির তিলকা মাঝি
জিউয়িয় আলাই লেদায়।
উইহার মে হুল গীরিয়া
সিধুই লাই লেদাই
আল গে পে বাতাও তাক
বাইরি ক আঃ কাথা।
দিশম দ আবওয়াঃকানা
খাজনা বাং বন এমা,
আপান আপিন জাত ধরম
আলম আড়াকঃ তামা।
যাঁহাই ক ক রেরেজঃ কানা
আবওয়াঃ জানাম ধারতি
উনকু বা বন আড়াঃ কোওয়া
হেলেজ তাকওয়া বন বার তি।
রিলা মালাসুমাজ তাবন
ধরম তাবন সারি,
জানাম দিশম ভারত তাবন
চাঁদো বারাবারি।
নড়ে গেতক তপা আকাত্
জানাম বালে বুকা,
নোওয়া গেত হুয়ুঃকানা
আবওয়া জানাম তুকা।

স্বাস্থ্য সচেতনতা অভিযান (WELLNESS CAMPING)

এখনই ওজন কমান আমাদের জিজ্ঞাসা করুন

Obesity is a silent Killer Disease (W.H.O.)

এখনই ফ্রি ওয়েলনেস চেক-আপ করানোর জন্য আসুন এবং দেখুন আপনার শরীরের
মোট চর্বি পরিমাণ। ওয়েলনেস চেক-আপ করান - জেনে নিন, সুস্থ থাকুন

- আপনার Weight ওজন কত আছে ?
- আপনার BMI Level ওজন কত কেজি বেশী / কম আছে ?
- আপনার Body Fat % কত আছে ?
- আপনার Resting Metabolism (R.M.) কত আছে ?
- আপনার VFA (ফিশারাল ফ্যাট এরিয়া) কত আছে ?
- এছাড়া আপনার Trunk, Legs, Arms Fat and Mussel কত আছে ?
- আপনার Body Age কত আছে ?

Mob. : 9874366963, 6291191673
ঠিকানা : মালঞ্চ মহিনগর, সোনারপুর।
সময় : 7.00 A.M. to 9.30 A.M.

সুস্থ থাকার জন্য পরিকাঠামোগুলো সঠিক রাখা খুবই জরুরী

NON COMMUNICABLE DISEASES.

অর্থটা নিশ্চয়ই জানেন আপনি - অসংক্রমক একটা ব্যাধি।

আজকের ভারতবর্ষে খুব দুর্চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে, যে N.C.D যার জন্য ভারতবর্ষে প্রায়
৬০% মানুষের মৃত্যু হচ্ছে। আপনাদের জানা দরকার এই NON COMMUNICABLE DISEASE টা
আসলে কি ? আমি S.MUNDA. WELLNESS COACH. (Weight Management Coach)

আমার মূলত ৪ টে কাজ -How to be Good Health. Or How to be Healthy.

১). How to Manage Your Idial Body Weight.

২). How to Manage Your Total Whole a Nutrition Habbit s.

৩). How to Gate Good Health. অর্থাৎ How to Manage Your Health

৪). Manage Your Lifestyle.

আসুন - আমি যে কাজটা করছি সেই কাজ টা বোঝার চেষ্টা করি, (আমি - আপনি ভারতবর্ষের সমস্ত
মানুষ)। দূরভাষ- ৯৮৭৪৩৬৬৯৬৩

S.Munda

বিঃদ্রঃ- আমরা ওয়েলনেস ক্যাম্প করতে আগ্রহী। ব্যাঙ্ক, স্কুল, ইনস্টিটিউট,
আর্মি ক্যাম্প, পোস্ট অফিস ও যে কোন প্রতিষ্ঠান / কর্তৃপক্ষ আমাদের সাথে।

SILIGURI TERAI B.ED COLLEGE
SILIGURI PRIMARY TEACHERS' TRAINING COLLEGE
Combined Excellence in Teacher Education
- Shaping Future Educators

VIBRANT CAMPUS,
PEACEFUL LEARNING ENVIRONMENT

SILIGURI TERAI B.ED COLLEGE
- NCTE APPROVED
- TWO-YEAR DURATION
- COMPREHENSIVE CURRICULUM
- EXPERIENCED FACULTY

SILIGURI PRIMARY TEACHERS' TRAINING COLLEGE
- NCTE APPROVED
- TWO-YEAR DURATION
- COMPREHENSIVE CURRICULUM
- EXPERIENCED FACULTY

CAMPUS FACILITIES
MODERN LABS RICH LIBRARY COMPUTER CENTER PLAYGROUND & SPORTS

CAMPUS ADDRESS:
Vill: Dudhajote, P.O - Thanjhora Bagan,
P.S. - Khorbari, Darjeeling, PIN - 734427

MOBILE: 9735061656 EMAILS: slgtbc@gmail.com & sigpttc@gmail.com WEBSITE: www.sigpttc.com



'উল্গলান' পত্রিকা নিজে পড়ুন এবং অপরকে পড়ার জন্য উৎসাহিত করুন। গণআন্দোলনের কান্ডারী--'পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতির' আন্দোলনকে শক্তিশালী করার জন্য এই কিউআর কোডের মাধ্যমে আর্থিক সহযোগিতা করুন। পেমেন্ট সাফল্যপূর্ণ হলে--নিজের নাম, ঠিকানা এবং ফোন নাম্বার গ্রুপে দিতে একদম ভুলবেন না কিংক।
উল্গলান পত্রিকার টাকা এই একাউন্টেই দিতে হবে।

A/C Name : West Bengal Scheduled
Tribe Welfare Association (Central Unit)
Current A/C No. : 27740210002636, IFSC - UCBA0002774,
UCO Bank - Joypurbill Branch,
UPID : WBSTWASSOCIATIO@UCOBANK

সিদান মুর্মু মহাশয়ের আরোগ্য কামনায়

পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতির সহযোগী, সাহিত্য সেবায় নিয়োজিত প্রাণ, উল্গলান পত্রিকা প্রকাশনায় আমাদের সহযোগী, আমাদের বৃহত্তর আদিবাসী পরিবারের গুরুত্বপূর্ণ সদস্য Sidan বাবুর দ্রুত আরোগ্য কামনায় মারাংবুরু, জাহের আয়ো, মড়ে ক তুরুই ক তৎসহ সমস্ত বঙ্গাবুরুর কাছে জহার জানাচ্ছি -Sidan

বাবু দ্রুত সুস্থ হয়ে ফিরে আসুন। আবার আমরা আগের মত হাতে হাতে মিলিয়ে একই কদম তালে পা ফেলে বঞ্চিত আদিবাসী জনগণের অধিকার রক্ষায় সামনের দিকে এগিয়ে যাব।
প্রার্থনায় পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতি।

With best wishes from

BARASAT MUNICIPALITY EMPLOYEES WELFARE SOCIETY (BARASAT MUNICIPALITY)
R.B.C. ROAD, BARASAT, NORTH 24 PARGANAS, KOLKATA - 700124
SAVING ALWAYS MAKES JOY WITHOUT CONSTRUCTIVE PLANNING MEANS DESTROY

PURI - HOLIDAY HOME MAA HOUSE

TO ENJOY THE PLEASURE OF OUTING IN PURI, ODISHA, CONTACT FOR AC & NON AC ROOM (ATTACHED BATH & KITCHEN)
LOCATION OF HOLIDAY HOME : TAXI BARI LANE, NEAR SWARGADWAR SUPER MARKET
PH. NO : 9836478840 / 9051963718 / 9831273211

2026

MAA HOUSE

With Best Compliments from

CCS CHEPANI COLD STORAGE PVT. LTD
PASCHIM CHEPANI (NH31C), ALIPURDUAR, PIN- 736206

We now only store **POTATOES**

We are open for a Specific time to store **POTATOES**, Specially in the **FIRST and THIRD Week of March**


Special Facilities for
★ Alipurduar,
★ Coochbehar and
★ Jalpaiguri Districts

For this our Managers' Mobile no- 7001142097 | Office no- 9064386126 / 7908170128

Also anyone can buy **BONDS** here.

With **Sibil Johar**

MR.DULAL TUDU
VILLAGE- PODOTOLA
P.O- KADAMPUR
DIST- ALIPURDUAR
PIN- 736206
WEST BENGAL



শ্রদ্ধার্থ্য নিবেদনে :
পুত্র :- শ্রী পূর্ণ চন্দ্র সর্দার (ওরাঁও)
গ্রাম-সিংহের ঘেরি, পো :- কুমড়া পাড়া,
থানা :- রায়দিঘী, জেলা :- দঃ ২৪ পরগনা,
পিন নং-৭৪৩৩৫৩

শুভেচ্ছা বার্তা

আদিবাসীদের সাংবিধানিক অধিকার সুনিশ্চিত করার লক্ষ্যে **পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতির** এই সংগঠিত আন্দোলনে সামিল সকল আদিবাসী অনুরাগী, নারী পুরুষ, চাকুরিজীবী, শিক্ষক শিক্ষিকা, অধ্যাপক, শিক্ষাকর্মী, ছাত্র ছাত্রী, যুব সমাজ, ডাক্তার, নার্স, স্বাস্থ্যকর্মী, আইনজীবী, ইঞ্জিনিয়ার্স, শ্রমজীবী, সমাজকর্মী, স্বেচ্ছাসেবক এবং শুভাকাঙ্ক্ষীদের সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও **সংগ্রামী অভিনন্দন।**

আদিবাসী ঐক্য! জিন্দাবাদ!
পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতি! জিন্দাবাদ!

With best Compliments from :
শ্রীমতি রীলামালা সরেন ও পরিবার।
৬১ এ / ৪, পশ্চিম রবীন্দ্রনগর, দমদম ক্যান্টনমেন্ট,
পোস্ট অফিস - রবীন্দ্রনগর, কলকাতা - ৭০০০৬৫

Sandip Mandal

Electrical Contractor & General Order Supplier

Ichhapur, Bakulia, Balagar, Hooghly - 712512
Mobile : 9635338431

Spray Painting, Glowsign Board, Fan Motor Repairing, Maintenance & Installation

Specializing in: Maintenance & Installation of Electrical and Mechanical Equipments, Spray Painting, Glowsign Board, Fan Motor Repairing.

□ ৪র্থ পাতার পর

বর্তমান পরিস্থিতিতে আদিবাসীরা

ব্যাপক প্রচার।

৯ সেপ্টেম্বর ২০২৬ বসিরহাট এসডিও ডেপুটেশন।

১০ সেপ্টেম্বর ২০২৬ কলকাতা ডি ডাবলুও এর নিকট হিয়ারিং।

১৩ সেপ্টেম্বর ২০২৬ দার্জিলিং জেলার নকশালবাড়ি ব্লক কমিটি গঠন এবং খড়িবাড়ি ব্লকের বুড়াগঞ্জ গ্রাম পঞ্চায়েত এলাকায় প্রচার।

লেখা প্রকাশনা পর্যন্ত এয়াবং (১৩ সেপ্টেম্বর ২০২৬) উল্লেখযোগ্য যে সমস্ত ঘটনাবলি বা কার্যকলাপ সেগুলো উল্লেখ করা হলো। যদিও খুঁটিনাটি আরো বেশ কিছু পকেট মিটিং বা অন্যান্য ঘটনা জায়গার অভাবে উল্লেখ করা হয়নি। আমরা যে শুধুমাত্র ডেপুটেশন বা শুভেচ্ছা বার্তা প্রদান করে যাই তেমনটি কিন্তু নয়। আমরা বিভিন্ন সময়ে রক্তদান শিবির, দরিদ্রদের শীতবস্ত্র বিতরণ, স্বাস্থ্য শিবির আয়োজন ইত্যাদি সহ বিভিন্ন ছাত্র-ছাত্রীদের পড়াশোনা বা স্বাস্থ্য বিষয়েও সাহায্য করে থাকি। এ বিষয়ে উল্লেখ্য আমাদের অন্যতম লড়াকু সৈনিক বীরবল

হেমব্রমকে এডুকেশন টুর বাবদ এককালীন ১৫,০০০ টাকার আর্থিক অনুদান, আমাদের অন্যতম সৈনিক সিদন মুর্মুর দুরারোগ্য ব্যাধির চিকিৎসার জন্য প্রায় ২ লক্ষ টাকার অনুদান এবং পুরুলিয়ার যুব সভাপতি কুনামি বাক্শের মায়ের আকস্মিক মৃত্যুতে ভাডান কার্য সম্পন্ননের জন্য সাধ্যমত অর্থ সাহায্য করেছে পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতি।

পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতির লড়াই জারি থাকবে। ইউফাও-র পক্ষ থেকে আগামী কর্মসূচি হিসেবে ১৯ সেপ্টেম্বরের মধ্যে প্রতিটি এমএলএ এবং এমপিদের নিকট ডেপুটেশন প্রদান সহ আগামীতে বৃহত্তর আন্দোলন স্বরূপ ২৬ নভেম্বর ২০২৬ সংবিধান দিবসে কলকাতায় ঐতিহাসিক গণডেপুটেশনের ডাক দিচ্ছে পশ্চিমবঙ্গ আদিবাসী কল্যাণ সমিতি। আদিবাসীদের আন্দোলন ছাড়া, লড়াই ছাড়া আর কোনো রাস্তা খোলা নেই। চলুন আদিবাসীদের বৃহত্তর কল্যাণের স্বার্থে একযোগে বাঁপিয়ে পড়ি।

জহার

Fake ST Certificate বিরুদ্ধে আন্দোল্ডে কান সানাম
হলগরিয়া কগে জীর্ডি জীর্ডি সারহাও আর হলসাই জহার
Fake ST Certificate ধারীদের বিরুদ্ধে আন্দোলনরত
সকল সংগ্রামীদের অভিনন্দন ও শুভেচ্ছা

সৌজন্যে -- জার্লিম চন্দ্র কিঙ্কু

N / 46 শ্রীষি অরবিন্দ গল্লি, দুর্গাপুর- 1, পশ্চিম বর্ধমান,
মোবাইল- 9434649554

সাগুন গিরা
“আমগে আমিজ রাইবার”

আমকি বাপ্পা লাগিদং কানাম?

আম কি আমরেন জিউয়ী জুরিম পাণ্ডেয়ে কানা?

তাহলে দেলা www.raibar.co.in রে Register মে।

জানিজ্ আমরেন জুরিগেই তাঁগি আকাং মেয়া।

www.raibar.co.in

দ Online Matrimony

Service শুধু মাত্র সান্তাড কগে লাগিং

নওয়ারে Registration- দ একদম ফ্রি।

আদ আলম বিলম-আ। লগন register মে।

M- 97 49 85 84 63

লেখক পরিচিতি
কালীচরণ সর্দার

★ জন্ম : ২১ শে আগস্ট, ১৯৭৪
👤 পিতা : স্বর্গীয় ললিত মোহন সর্দার
👤 মাতা : স্বর্গীয় গঙ্গামণি সর্দার
📍 গ্রাম-চাঁদপাড়া, পোঃ - চাঁদপাড়া বাজার
থানা -গাইঘাটা, পিন নম্বর -৭৪৩২৪৫
জেলা- উত্তর ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ, ভারত।
☎ ফোন নং -৯৭৩৩৬৯০৭১৪

🏠 ২০০৪ সাল থেকে তিনি সরকারি স্কুলে শিক্ষকতা করছেন।

তার প্রকাশিত গ্রন্থ গুলি হল :

- 1) Revisiting the impact of Romanticism of famous poet in 18th century (১ম ও ২য় খণ্ড)
- 2) Class Consciousness, Religious Communalism and Mahesh Dattani's Plays.
- 3) প্রথম কাব্যগ্রন্থ - ‘দাসত্বের ছায়া ছবি’
- 4) বর্তমানে নতুন গ্রন্থ - ‘ওরাওঁ (কুড়ুখ) জনজাতির ইতিকথা’ প্রকাশের পথে।

📖 এছাড়াও তিনি দুটি পত্রিকা সম্পাদনা করেন। (ক) অন্ধপক্ষ (খ) কালের কোরাস

📖 বর্তমানে তিনি সাহিত্য সেবায় নিয়োজিত।

সংবনন স্বপ্ন দেখুন প্রস্তুতি নিন সফল হোন

পশ্চিমবঙ্গ সরকার রেজিস্টার্ড

(খজুরিয়া (কালাপতি মোড়), গুণপুরা, বারিকুল, রানীবাঁধ, বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, ভারত)

+918017993039, +918250771929, +918902585582, +919907248788. www.sangbanan.org.in
Email.- sangbanan.edu@gmail.com

IAS, IPS, IFS, AIS, WBCS

সহ বিভিন্ন সরকারি চাকরি পরীক্ষা বা অন্যান্য প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতি খারা নিচ্ছেন তাঁরা যতদিন পর্যন্ত না কৃতকার্য হচ্ছেন ততদিন পর্যন্ত তাঁদের **ফ্রি কোচিং** দেওয়া হবে।

প্রতি মাসের প্রতিটি বুধবার, শনিবার ও রবিবার সকাল ৯.৩০টা থেকে বিকেল ৪.৩০টা পর্যন্ত ক্লাস হবে।

প্রতি সপ্তাহে ক্লাস টেস্ট (Class Test), মক টেস্ট (Mock Test) ও ডাউট ক্লিয়ারিং (Doubt Clearing) করানো হবে।

আমাদের অফিসে এসে নাম নথিভুক্ত করতে হবে।

আমাদের অফিস প্রতিদিন সকাল ৯টা থেকে সন্ধ্যা ৫টা পর্যন্ত খোলা থাকে।

লাইব্রেরি

ক্যান্টিনের ব্যবস্থা রয়েছে।

যোগ্যতা আছে? সুযোগ আছে! এসো, নিজের স্বপ্নকে বাস্তব করো...

বিঃদ্রঃ- নিয়মাবলী ও শর্তাবলী প্রযোজ্য।

Your Home Away From Home

MAHAL HOME STAY

📍 AJODHYA HILLTOP, PURULIA

Clean & Comfortable Rooms, Tasty Home Cooked Food, Hill View & Natural Beauty, Bonfire (On Request), Family Friendly Stay

☎ : 9647605315

উল্গলান পত্রিকা কমিটি

Chief Editor - Shyama pada Murmu (9126810998)

President - Balai Soren (9647685535)

Secretary -

1. Satan Kumar Saren (8016038144)

2. Baidyanath Hansda (9932285226)

Member -

1. Sidan Murmu (9002760375)

2. Beli Mardi (9775431333)

3. Shilpi Munda (9874366963)

4. Laxmi Narayan Kisku (9083300504)

5. Rameshwar Kisku (6295021362)

Dr. Dipak Mandi
Associate Professor
Department of Obstetrics and Gynaecology
Midnapore Medical College
(Reg no. 59233 WBMC)

Specialist in

- High risk pregnancy
- Adolescent gynaecology
- Preventive gynaecology oncology
- Minimal access surgery

Healthy Women
Healthy Families
Bright Future

Chamber - Chikitsa polyclinic, Rabindranagar, Midnapore

7AM-9 AM, 4PM-6 PM every day ,except Friday)

Every Friday OPD consultation clinics are followings.

1	Banalata polyclinic, Lalgarh	(8AM to 9.30 AM)
2	Jeevan Suraksha Hospital, pirogari more, Bankura	(10.30 AM- 11AM)
3	Medicare polyclinic, Raipur, Bankura	(11AM - 3PM)
4	Sparsha Health Care, Fulkushuma, Bankura	(4PM-7 PM)

Call/ WP - 9531506605 for further information

Mob: 9874152907 / 8961678063

LIC भारतीय जीवन बीमा निगम
LIFE INSURANCE CORPORATION OF INDIA

Oriental Insurance
Trusted Since 1947
Website : orientalinsurance.nic.in

STAR Health Insurance
Personal & Caring
The Health Insurance Specialist

BISWARUP MAJHI
Govt. Authorised Agent (Kalyani Branch)

Agent of LIC, STAR HEALTH Insurance, ORIENTAL Insurance & Care Health Insurance

Off.: B-7/35 (S), Central Park, Kalyani, Nadia (Near - Canara Bank)

INDIA POST PAYMENTS BANK (IPPB)
IBC ID- IPPBWES44922 আপনার ডাক, আপনার দরজায়

সারনা মা নেট ব্যাংকিং সেবা
IPPB BANKING SERVICE POINT

এখানে সকল প্রকার IPPB Banking পরিষেবা পাওয়া যায়

টাকা জমা, টাকা তোলা, AEPS (Aadhaar Enabled Payment System), অ্যাকাউন্ট খোলা, ব্যালেন্স যাচাই, অন্যান্য ব্যাংকিং পরিষেবা, বিভিন্ন বুকমের নতুন ইন্সটল করা হয়

** ডাক বিভাগের উপর ভরসা, সবার জন্য আমাদের সেবা **

পরিচালনায়- শান্ত সরদার (প্রাক্তন পোস্ট মাস্টার) স্থান- ন্যাজাট, উত্তর ২৪ পরগনা।
পোস্ট অফিসের বিভিন্ন পরিষেবা সম্পর্কে সহায়তা নিরাপদ বিশ্বস্ত সহজ সবার জন্য Mob.- 6296139052

মোবাইল নং : ৭৯৮০১২০৯৬১

ওরাও ল্যান্ড সেন্টার

প্রোঃ- প্রশান্ত ওরাও

ব্যারাকপুর, উত্তর ২৪ পরগণা

জমি নিয়ে চিন্তায় আছেন?

জমির কেনা-বেচা, পর্চা, রেকর্ড, ট্যাক্স
জমি সংক্রান্ত যাবতীয় বিষয়ে নির্ভরযোগ্য ও সঠিক পরিষেবা পেতে আজই যোগাযোগ করুন 'ওরাও ল্যান্ড সেন্টারে'।

এখানে অতি যত্ন সহকারে ও বিশ্বস্ততার সাথে কাজ করা হয়।

ডাঃ এস.কে.মুর্মু
M.B.B.S (CAL), M.D (WBUHS)
(নার্ড, ব্রেন ও মানসিক রোগ বিশেষজ্ঞ)
স্পেশালিস্ট মেডিক্যাল অফিসার
(বিষ্ণুপুর জেলা হাসপাতাল)

চেম্বার :-

কে.জি. মেডিকেলার	: অরবিন্দ স্টেডিয়াম সংলগ্ন, পশ্চিম মেদিনীপুর
লাখোদিয়া ডায়াগনস্টিক	: রবীন্দ্রনগর, মেদিনীপুর শহর।
সুনীতা ফার্মেসী	: বেনাপুর রেলগেট, খড়গপুর
শঙ্খ মেডিক্যাল	: বিষ্ণুপুর (পৌরসভার কাছে), বাঁকুড়া
স্পর্শ মেডিক্যাল	: ঝাপড়মোড়, বিষ্ণুপুর, বাঁকুড়া
এস.কে. মেডিক্যাল	: সিধু - কানু মূর্তি, গোয়ালতোড়
তৌলিক মেডিক্যাল	: চন্দ্রকোনা রোড বাসস্ট্যান্ড
মল্লিক মেডিক্যাল	: গুয়াদহ, চন্দ্রকোণা রোড, (পশ্চিম মেদিনীপুর)

যোগাযোগ 9733616087

Alpana
Lodge & Resturent

Stay Relax
Enjoy Great Food
Feel at Home...

Ajodhya Hill Top
(Near Upper Dam)

Comfortable Rooms, Tasty Food, Scenic View, Family Friendly

Pro - Alpana Murmu
Mob 7047972193

LIC POLICY SERVICES
PROTECT · SAVE · SECURE · GROW

NEW POLICY Proposal & Application Assistance	BANK DETAILS Bank Account Update	PREMIUM SERVICE Payment & Due-Date Support	DOCUMENT SERVICE Policy Bond & Duplicate Documents	POLICY REVIVAL Lapsed Policy Assistance
POLICY LOAN Loan & Repayment Assistance	MATURITY BENEFIT Maturity & Survival Benefit Assistance	CLAIM SERVICE Death Claim Assistance	NOMINEE UPDATE Nomination Change Support	ONLINE SERVICE LIC Online Service Support

NAMITA TUDU
LIC ADVISOR
ADVISOR CODE : 12258426
+91 70035 81215
+91 98303 50371

YOUR POLICY. OUR SERVICE. YOUR PEACE OF MIND.